


# বণিক বার্তা

## নর্থ সাউথের সাবেক উপাচার্য হাফিজ সিদ্দিকী আর নেই

বণিক বার্তা অনলাইন | ০২:২২:০০ মিনিট, মে ২৩, ২০১৮



বেসরকারি নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য ও লেখক অধ্যাপক হাফিজ জিএ সিদ্দিকী মারা গেছেন (ইন্নালিল্লাহি...রাজেউন)। মঙ্গলবার বিকেলে গুলশানের ইউনাইটেড হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। তার বয়স হয়েছিল ৮৭ বছর।

নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ কর্মকর্তা বেলাল আহমেদ জানান, বার্ধক্যজনিত জটিলতা নিয়ে হাফিজ জিএ সিদ্দিকীকে দুই সপ্তাহ আগে হাসপাতালে ভর্তি করা হয়।

হাফিজ জিএ সিদ্দিকী ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে অর্থনীতিতে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি লাভ করেন। যুক্তরাষ্ট্রের পিটসবার্গ বিশ্ববিদ্যালয়ের গ্রাজুয়েট স্কুল অব পাবলিক অ্যান্ড ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্স থেকে তিনি পাবলিক অ্যান্ড ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্স বিষয়ে মাস্টার ডিগ্রি অর্জন করেন। আর যুক্তরাষ্ট্রের ইন্ডিয়ানা বিশ্ববিদ্যালয়ের গ্রাজুয়েট স্কুল অব বিজনেস থেকে এমবিএ এবং যুক্তরাজ্যের

ম্যানচেস্টার বিশ্ববিদ্যালয়ের ম্যানচেস্টার বিজনেস স্কুল থেকে পিএইচডি ডিগ্রি লাভ করেন অধ্যাপক হাফিজ জিএ সিদ্দিকী।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউটের পরিচালকসহ বিভিন্ন পদে প্রায় ২১ বছর অধ্যাপনার কাজে যুক্ত ছিলেন হাফিজ সিদ্দিকী। এরপর তার প্রচেষ্টায় নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে ব্যবসায় অনুষদ প্রতিষ্ঠা হয়। অনুষদের ডিন হিসেবে যোগ দেন তিনি। পরে তিনি নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য এবং উপাচার্য হন। এক দশকেরও বেশী সময় ধরে তিনি উপাচার্য ছিলেন। নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় থেকে অবসরের পর ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে এমেরিটাস অধ্যাপক হিসেবে যোগদান করেন তিনি।

শিক্ষক, গবেষক, আন্তর্জাতিক পরামর্শক ও ব্যবসা নির্বাহী হিসেবে তিনি ৫০ বছরেরও বেশী সময় কাজ করেছেন বাংলাদেশ, যুক্তরাজ্য ও মার্কিন যুক্তরাষ্ট্রে। তিনি বিশ্ব ব্যাংক, ম্যানিলায় এশীয় উন্নয়ন ব্যাংকসহ বিশ্বের বিভিন্ন সংস্থায় আন্তর্জাতিক পরামর্শক হিসেবেও কাজ করেছেন। অধ্যাপক হাফিজ জিএ সিদ্দিকী ১৩টি বইয়ের লেখক ও সহ-লেখক। তার গবেষণা নিবন্ধগুলো দেশ-বিদেশের বিভিন্ন জার্নালে প্রকাশিত হয়েছে।